

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
এপিএ সেল
www.rdc.gov.bd

স্মারক নং : ৪৭.০০.০০০০.০৪৬.২৫.০৩১.২৩-১৪৫


০৯ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ।
তারিখ :
২৩ জুন, ২০২৪ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ “নির্বাচনী ইশতেহার, ২০২৪ বাস্তবায়ন কৌশল নির্ধারণ”-শীর্ষক কর্মশালার সুপারিশ বাস্তবায়ন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ১১/০৬/২০২৪ তারিখ বিকাল ০২.৩০ ঘটিকায় “নির্বাচনী ইশতেহার, ২০২৪ বাস্তবায়ন কৌশল নির্ধারণ”-শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় নিম্নরূপ সুপারিশ গৃহীত হয়ঃ

| ক্রম. নং | সুপারিশ | বাস্তবায়নকারী |
|----------|--|--|
| ৫.১ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর আওতাধীন সকল দপ্তর/সংস্থা নির্বাচনী ইশতেহার, ২০২৪ এ ঘোষিত নিজ দপ্তরের কার্যাবলীর সাথে সংশ্লিষ্ট অঙ্গীকারসমূহ সনাক্তকরণ, কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য উপযুক্ত কর্মকর্তা সমন্বয়ে কমিটি গঠন করে সাত কার্যদিবসের মধ্যে এ বিভাগ-কে অবহিত করবে; | সকল দপ্তর/সংস্থা প্রধান |
| ৫.২ | দপ্তর/সংস্থাসমূহের কমিটি নিজ নিজ দপ্তরের অঙ্গীকারসমূহ চিহ্নিত করে এ বিভাগ কর্তৃক প্রণীত অভিন্ন ছকে কর্মপরিকল্পনা প্রণয়ন করে আগামী ১৫/৭/২০২৪ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করবে; | সকল দপ্তর/সংস্থা প্রধান |
| ৫.৩ | নির্বাচনী ইশতেহার, ২০২৪ এ ঘোষিত অঙ্গীকারসমূহ বাস্তবায়নের জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক গঠিত কমিটিতে সকল দপ্তর/সংস্থা একজন উপযুক্ত কর্মকর্তাকে ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে মনোনয়ন প্রদান করবে; | সকল দপ্তর/সংস্থা প্রধান |
| ৫.৪ | প্রতিটি দপ্তর/সংস্থা নির্বাচনী ইশতেহার, ২০২৪ এর অঙ্গীকারের আলোকে এপিএ এর কয়টি সূচক গ্রহণ করেছে তার তথ্যাদি সাত কার্যদিবসের মধ্যে এ বিভাগে প্রেরণ করবে; | সকল দপ্তর/সংস্থা প্রধান |
| ৫.৫ | উন্নয়ন প্রকল্পের আওতায় ট্রেডভিত্তিক প্রশিক্ষণ প্রদান এবং জলবায়ু পরিবর্তন ও পরিবেশ সুরক্ষা বিষয়গুলো কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে; | সকল দপ্তর/সংস্থা প্রধান |
| ৫.৬ | এ বিভাগের অন্তঃমন্ত্রণালয় এবং অন্তঃমন্ত্রণালয় মাসিক সমন্বয় সভায় নির্বাচনী ইশতেহার, ২০২৪ এর অঙ্গীকারসমূহ বাস্তবায়ন, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি এবং জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন সংক্রান্ত বিষয় এজেন্ডায় অন্তর্ভুক্ত করা হবে; | অতিরিক্ত সচিব (প্রশাসন) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |
| ৫.৭ | দারিদ্র্য বিমোচনে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অবদান কতটুকু তার সমীক্ষা করা যেতে পারে। সমীক্ষা করার জন্য পিডিবিএফ এবং বিআরডিবি এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা বিআইডিএস/ বাংলাদেশ পরিসংখ্যা ব্যুরো এর সাথে যোগাযোগ করে অগ্রগতি এ বিভাগ কর্তৃক গঠিত কমিটিকে অবহিত করতে হবে। | মহাপরিচালক, বিআরডিবি, মহাব্যবস্থাপক, পিডিবিএফ |

এমতাবস্থায়, গত ১১/০৬/২০২৪ তারিখ বিকাল ০২.৩০ ঘটিকায় অনুষ্ঠিত “নির্বাচনী ইশতেহার, ২০২৪ বাস্তবায়ন কৌশল নির্ধারণ”-শীর্ষক কর্মশালার সুপারিশ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।


(নোহরিন সুলতানা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫১৪১৪৫
e-mail: apa.rdc@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ০১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
- ০২। মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা।
- ০৩। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, আগারগাঁও ঢাকা।
- ০৪। ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা।
- ০৫। মহাপরিচালক, বার্ড, কুমিল্লা/আরডিএ, বগুড়া/বাপার্ড, গোপালগঞ্জ।
- ০৬। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ (মিল্কভিটা), তেজগাঁও, ঢাকা।
- ০৭। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, বাড়ি নং-৫, এ্যাভিনিউ-৩, রুপনগর, মিরপুর-২, ঢাকা।
- ০৮। মহাব্যবস্থাপক, বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ, মতিঝিল বা/এ, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য:

- ০১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
- ০৩। সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (প্রতিবেদনটি এ বিভাগের ওয়েব সাইটে আপলোডের অনুরোধ করা হলো।)
- ০৪। অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন/প্রশাসন ও বাজেট/আইন ও প্রতিষ্ঠান) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।